বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘ মেহেরপুর জেলা শাখার যুব সমাবেশ

বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘ মেহেরপুরে জেলা শাখার যুব সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার দুপুর ২ টার দিকে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘ মেহেরপুরে জেলা যুব সমাবেশ আয়োজন করা হয়েছে।

যুব সমাবেশ অনুষ্ঠানে বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘ মেহেরপুরে জেলার সভাপতি নাজমুল হুসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আহলেহাদীছ আন্দোলনের কেন্দ্রীয় সেক্রেটারি জেনারেল অধ্যাপক মোহাম্মদ নুরুল ইসলাম, বিশেষ মেহমান হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ হাদীছ ফাউন্ডেশনের চেয়ারম্যান ড. আহমাদ আব্দুল্লাহ ছাকিব, বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘের কেন্দ্রীয় সভাপতি শায়েখ শরিফুল ইসলাম মাদানী, আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ কেন্দ্রীয় যুব বিষয়ক সম্পাদক শায়েখ আব্দুর রশিদ আখতার, বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘ কেন্দ্রীয় সাহিত্য ও সাংস্কৃতি বিষয়ক সম্পাদক মোঃ রফিকুল ইসলাম, আল-আওন কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক হাফেজ আহমাদ আব্দুল্লাহ শাকিরসহ বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘ মেহমান গণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পুলিশের মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা পুলিশ লাইন্স ড্রিলসেডে আজ শনিবার মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন জেলা পুলিশ সুপার মাকসুদা আকতার খানম, পিপিএম।

সভায় জেলার বিভিন্ন ইউনিটের পুলিশ সদস্যরা উপস্থিত থেকে তাদের সমস্যার কথা তুলে ধরেন। পুলিশ সুপার মনোযোগ দিয়ে সব বক্তব্য শুনেন এবং সমাধানের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

তিনি বলেন, “পুলিশ বাহিনী জনগণের আস্থা ও সেবার প্রতীক। তাই প্রতিটি সদস্যকে সততা, আন্তরিকতা ও শৃঙ্খলার সাথে দায়িত্ব পালন করতে হবে।”

অনুষ্ঠানে পর্যায়ক্রমে অবসরে (পিআরএল) গমনকারী পুলিশ সদস্যদের ফুলেল শুভেচ্ছা ও বিদায় সংবর্ধনা জানানো হয়।

এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) জামিনুর রহমান খান, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবদুল করিমসহ জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তা ও ফোর্সবৃন্দ।

মুজিবনগরে গ্রাম ডাক্তার কার্যনির্বাহী কমিটির আলোচনা সভা

মেহেরপুরের মুজিবনগরে আর.এম.পি ওয়েলফেয়ার সোসাইটি (গ্রাম ডাক্তার) মুজিবনগর শাখার কার্যনির্বাহী কমিটির আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বেলা সাড়ে ১১টার সময় কুদরত-ই-খোদা ক্লিনিক ও ল্যাবের আয়োজনে, উপজেলার গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের হল রুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় গ্রাম ডাক্তার শামিম শিশিরের সঞ্চালনায় এবং আর.এম.পি ওয়েলফেয়ার সোসাইটির মুজিবনগর উপজেলা শাখার সভাপতি গ্রাম ডাক্তার সাফায়েত হোসেনের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আর.এম.পি ওয়েলফেয়ার সোসাইটির মেহেরপুর জেলা শাখার সভাপতি গ্রাম ডাক্তার আব্বাস উদ্দীন।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন আর.এম.পি ওয়েলফেয়ার সোসাইটির মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক গ্রাম ডাক্তার জিয়াউর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আর.এম.পি ওয়েলফেয়ার সোসাইটির মেহেরপুর জেলা শাখার সিনিয়র সহ-সভাপতি গ্রাম ডাক্তার জালাল উদ্দীন,আর.এম.পি ওয়েলফেয়ার সোসাইটির জেলা শাখার সাংগঠনিক সম্পাদক গ্রাম ডাক্তার আসমাউল হক বিল্টু, জনসেবা ডেন্টাল কেয়ারের স্বত্বাধিকারী ডা. আব্দুস সামাদ, আর.এম.পি ওয়েলফেয়ার সোসাইটির মুজিবনগর শাখার উপদেষ্টা ও কুদরত-ই-খোদা ক্লিনিক ও ল্যাবের স্বত্বাধিকারী কামরুল হাসান চান্দু।

সভায় আলোচনায় উঠে আসে গ্রাম ডাক্তারদের সংগঠিত থেকে সাধারণ জনগণের সেবায় উল্লেখযোগ্য ভূমিকা রাখা, তৃণমূল জনগোষ্ঠীকে সর্বোচ্চ সেবা প্রদান, গ্রাম, সমাজ, দেশ ও জাতির সেবায় এবং দেশ গঠনে ভূমিকা রাখা, কমিটিকে কার্যকর করা, প্রত্যেক গ্রাম ডাক্তারকে কমিটিতে অন্তর্ভুক্ত করা এবং সরকারি আইন মেনে চিকিৎসা সেবা প্রদানসহ নানা বিষয়।

এ সময় আরও উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন আর.এম.পি ওয়েলফেয়ার সোসাইটির মুজিবনগর উপজেলা শাখার সাধারণ সম্পাদক গ্রাম ডাক্তার হুমায়ুন কবির, সিনিয়র সহ-সভাপতি গ্রাম ডাক্তার শফিকুল ইসলাম, সহ-সভাপতি গ্রাম ডাক্তার আরোজ আলী, সহ-সভাপতি গ্রাম ডাক্তার সুরুজ খান, স্বাস্থ্য ও চিকিৎসা বিষয়ক সম্পাদক গ্রাম ডাক্তার আশরাফুল ইসলামসহ আর.এম.পি ওয়েলফেয়ার সোসাইটির মুজিবনগর উপজেলা শাখার নির্বাহী কমিটির সদস্যবৃন্দ।

মেহেরপুরে চুরি করতে গিয়ে হাতেনাতে আটক ২ যুবক

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের রায়পুর হঠাৎপাড়ায় চুরি করতে গিয়ে হাতেনাতে ধরা পড়েছে দুই যুবক। শনিবার (১৬ আগস্ট) ভোর রাত আড়াইটার দিকে এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, রাতের আঁধারে চুরির উদ্দেশ্যে ওই এলাকায় প্রবেশ করলে স্থানীয়দের নজরে পড়ে তারা। এসময় দ্রুত স্থানীয়রা তাদের আটক করে ফেলে।

আটককৃতরা হলো, পৌর শহরের কালাচাঁদপুর জামে মসজিদ পাড়ার খুকার ছেলে জসিম ও পোস্ট অফিস পাড়ার জনির ছেলে দাতা
পরে এলাকাবাসী তাদের আইনশৃঙ্খলা বাহিনীর কাছে সোপর্দ করে। এ ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

মেহেরপুরে অস্ত্রসহ ওয়ারেন্টভুক্ত আসামি ইমান ডাকাত গ্রেপ্তার

মেহেরপুরে সেনাবাহিনীর অভিযানে অস্ত্র ও গুলিসহ ওয়ারেন্টভুক্ত আসামি ইমান আলী ওরফে ইমান ডাকাতকে গ্রেপ্তার করা হয়েছে।

শুক্রবার (১৫ আগস্ট) গভীর রাতে মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রাম থেকে তাকে আটক করা হয়।

গ্রেপ্তারকৃত ইমান আলী শিবপুর গ্রামের মৃত আমির শেখের ছেলে।

সেনা ক্যাম্প সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে সেনাবাহিনীর একটি দল মোনাখালী ইউনিয়নের শিবপুর গ্রামে তার বাড়ি ঘেরাও করে। পরে তল্লাশির সময় তার কাছ থেকে মার্কিন তৈরি একটি ৭.৬৫ মি.মি. পিস্তল, একটি ম্যাগাজিন ও চার রাউন্ড গুলি উদ্ধার করা হয়।

সেনা সূত্রে আরও জানা যায়, ইমান আলীর বিরুদ্ধে অস্ত্র, মাদক, চোরাচালান, বিস্ফোরক ও নাশকতাসহ মোট ১১টি মামলা রয়েছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে তাকে থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

মুজিবনগরে বেগম খালেদা জিয়ার জন্মবার্ষিকী উপলক্ষে দোয়া মাহফিল

মুজিবনগরে সাবেক প্রধানমন্ত্রী বিএনপি’র চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার ৮০ তম জন্ম বার্ষিকী উপলক্ষে মিলাদ, দোয়া মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল ৫টার দিকে মুজিবনগর উপজেলা বিএনপি’র আয়োজনে, কেদারগঞ্জ বাজারে মুজিবনগর উপজেলা বিএনপি’র কার্যালয়ে আলোচনা সভা ও বেগম খালেদা জিয়ার ৮০ তম জন্ম বার্ষিকী উপলক্ষে মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত করা হয়।

অনুষ্ঠানের সভাপতিত্বে করেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সিনিয়র যুগ্ম আহ্বায়ক এবং মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম। মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য, মুজিবনগর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক হাজী মোহাম্মদ মশিউর রহমানের সঞ্চালনায়, মিলাদ, দোয়া মাহফিল ও আলোচনা সভায় উপস্হিত ছিলেন, উপজেলা বিএনপি’র নব-নির্বাচিত সাংগঠনিক সম্পাদক হারুন-অর-রশিদ, বাগোয়ান ইউনিয়ন বিএনপি’র সভাপতি রফিকুল ইসলাম, মোনাখালি ইউনিয়ন বিএনপির সভাপতি রায়হান কবির, সাধারণ সম্পাদক আনিছুজ্জান টুটুল, দারিয়াপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি হাফিজুর রহমান, সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, মহাজনপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি আশরাফুল হক কালু, সাধারণ সম্পাদক সোনা গাইন। উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলামসহ মুজিবনগর উপজেলা বিএনপি’র ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের বিএনপি’র নেতাকর্মীবৃন্দ।

আলোচনা সভা শেষে বেগম খালেদা জিয়ার ৮০ তম জন্ম বার্ষিকীতে তার সুস্বাস্থ্য এবং শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আত্মার মাগফেরাত কামনায় দোয়া করা হয়।

[redacted]

[redacted]

আরজুল্লাহ মাস্টার বাবলু, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিসহ বিএনপি’র অঙ্গসংগঠনের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভার পরে খালেদা জিয়ার সুস্থতা ও দীর্ঘায়ু কামনায় বিশেষ দোয়া মোনাজাত করা হয়।

তারেক রহমান প্রধানমন্ত্রী হলে জনগণ সাংবিধানিক অধিকার ফিরে পাবে

দীর্ঘ ১৭ বছর আপনারা কোনো সাংবিধানিক অধিকার পাননি, আপনাদের ছেলে-মেয়েরা চাকরি পাননি, আপনাদের নাতি-নাতনিরাও চাকরি পাননি। আপনারা নিরাপদে চলাফেরা করতে পারেননি, ব্যবসা-বাণিজ্য করতে পারেননি। ইনশাআল্লাহ, তারেক রহমান যদি প্রধানমন্ত্রী হন, তাহলে জাতীয়তাবাদী আদর্শের শক্তিতে দেশের সমস্ত মানুষ সাংবিধানিকভাবে তাদের প্রাপ্য সবকিছু ফিরে পাবে বলে আমি মনে করি।

গতকাল শুক্রবার বিকেল ৫টার দিকে জেলা বিএনপি’র কার্যালয়ে বিএনপি’র চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার ৮০তম জন্মবার্ষিকী উপলক্ষে মিলাদ ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান।

তিনি আরো বলেন, আপনারা ঐক্যবদ্ধ থাকবেন ঐক্যের কোন বিকল্প নেই। এই আহ্বায়ক কমিটি দেওয়ার পর অনেকেই মনে করেছিলেন, হয়তো বিএনপিকে ঐক্যবদ্ধ করা সম্ভব হবে না। কিন্তু মেহেরপুরের বিএনপি চেয়েছে একটি মুক্ত, স্বাধীন দল যাদের লক্ষ্য মুক্ত ও স্বাধীনভাবে রাজনীতি করা। তাই আজ সবাই একটি দলের পতাকার নিচে ঐক্যবদ্ধ হয়েছে, সেটি হলো জাতীয়তাবাদী দল। ৩১ সদস্য বিশিষ্ট এই আহ্বায়ক কমিটির মাধ্যমে আপনারা ঐক্যবদ্ধ রয়েছেন।

জেলা বিএনপি’র সদস্য আনছার উল হকের সভাপতিত্বে মাহফিলে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, সদস্য আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, কে.এম. খায়রুল বাশার, সাবেক পিপি অ্যাডভোকেট আবু সালেহ মোহাম্মদ নাসিম, রোমানা আহমেদ এবং পৌর বিএনপি’র সভাপতি আব্দুল লতিফ বিশ্বাস।

মেহেরপুর জেলা বিএনপি আয়োজিত দোয়া মাহফিল পরিচালনা করেন সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম ও পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা।

এছাড়াও এসময় জেলা বিএনপি’র সদস্য মীর ফারুক, ওমর ফারুক লিটন, রেজাউল হক, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল হক, সিনিয়র সহ-সভাপতি মোশারফ হোসেন তপু, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপন, সদর উপজেলা বিএনপি’র সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম রিপন, পৌর বিএনপি’র সাংগঠনিক সম্পাদক মীর জাহাঙ্গীর আলমসহ জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

পরে বেগম খালেদা জিয়ার সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করে দোয়া মোনাজাত করা হয়।

মুজিবনগরে বেগম খালেদা জিয়ার জন্মবার্ষিকী আলোচনা সভা

মুজিবনগরে বিএনপি’র চেয়ারপার্সন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার ৮০তম জন্মবার্ষিকীতে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার রাত নয়টার সময় উপজেলার কেদারগঞ্জ বাজারের মোল্লা মার্কেটে অবস্থিত উপজেলা বিএনপি’র কার্যালয়ে এই আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

আলোচনা সভা ও দোয়া মাহফিলে জেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক ও বর্তমান জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য আব্দুর রশিদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সভাপতি মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য বর্তমান জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য মাসুদ অরুন।

আলোচনা ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন, মোনাখালী ইউনিয়ন বিএনপি’র সাবেক সহ-সভাপতি মজনু মিয়া, জেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সহ-সভাপতি আজিম উদ্দিন গাজী, উপজেলা কৃষকদলের সিনিয়র সহ সভাপতি ও সাবেক মেম্বার রমজান আলী, উপজেলা কৃষকদলের সভাপতি আরমান আলি, সাধারণ সম্পাদক কুন্নুত আলী, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজিরসহ উপজেলা বিএনপি’র নেতাকর্মীবৃন্দ।

মুজিবনগর সীমান্তে ৫১ হাজার মার্কিন ডলারসহ চোরাকারবারী আটক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার আনন্দরবাস সীমান্তে অভিযান চালিয়ে ৫১ হাজার মার্কিন ডলার ও একটি বাইসাইকেলসহ জাহাঙ্গীর শেখ (৪০) নামের এক চোরাকারবারীকে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

গতকাল শুক্রবার দুপুরে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন-৬ বিজিবি’র একটি বিশেষ দল এ অভিযান পরিচালনা করে ডলার সহ চোরাকারবারীকে আটক করে। আটক জাহাঙ্গীর শেখ মুজিবনগরের আনন্দবাস গ্রামের বাসিন্দা।

বিজিবি সূত্রে জানা গেছে, ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল মোঃ নাজমুল হাসান গোপন সংবাদে জানতে পারেন, ভারত থেকে অবৈধভাবে ডলার পাচার হবে। পরে তার নির্দেশে সহকারী পরিচালক মোঃ হায়দার আলীর নেতৃত্বে বিজিবি সদস্যরা সীমান্তের ২০০ গজ ভেতরে ফাঁসিতলা মাঠ নামক স্থানে অবস্থান নেন। এ সময় সন্দেহভাজন এক ব্যক্তিকে দেখতে

পেয়ে বিজিবি সদস্যরা ধাওয়া করে তাকে আটক করেন।

পরে তাকে তল্লাশি করে তার কাছে থাকা ৫টি প্যাকেটে মোট ৫১ হাজার মার্কিন ডলার, একটি বাইসাইকেল এবং একটি বাটন মোবাইল ফোন উদ্ধার করা হয়। উদ্ধারকৃত ডলারের আনুমানিক মূল্য প্রায় ৬২ লাখ ১ হাজার ৫৪০ টাকা বলে জানিয়েছে বিজিবি।

বিজিবি আরও জানায়, প্রাথমিক জিজ্ঞাসাবাদে জাহাঙ্গীর শেখ দীর্ঘদিন ধরে চোরাকারবারের সঙ্গে জড়িত থাকার কথা স্বীকার করেছে। উদ্ধারকৃত ডলার মেহেরপুর ট্রেজারি অফিসে জমা ও আটককৃত আসামিকে মুজিবনগর থানায় হস্তান্তরের প্রক্রিয়া চলছে।